

আত-তাকভীর | At-Takwir | التَّكْوِير

আয়াতঃ ৮১ : ২১

আরবি মূল আয়াত:

مُطَاعٍ ثُمَّ أَمِينٍ ﴿٢١﴾

অনুবাদসমূহ:

মান্যবর, সেখানে সে বিশ্বস্ত। — আল-বায়ান

সেখানে মান্য ও বিশ্বস্ত। — তাইসিরুল

যাকে সেখানে মান্য করা হয় এবং যে বিশ্বাসভাজন। — মুজিবুর রহমান

Obeyed there [in the heavens] and trustworthy. — Sahih International

২১. সে মান্য সেখানে, বিশ্বাসভাজন। (১)

(১) অর্থাৎ এই কুরআন একজন সম্মানিত দূতের আনীত কালাম। তিনি শক্তিশালী, আরশের অধিপতির কাছে মর্যাদাশীল। তিনি ফেরেশতাদের নিকট মান্য। সমস্ত ফেরেশতা তাকে মান্য করে। তিনি আল্লাহর বিশ্বাসভাজন; পয়গাম আনা নেয়ার কাজে তার তরফ থেকে বিশ্বাসভঙ্গ ও কম বেশী করার সম্ভাবনা নেই। নিজের পক্ষ থেকে তিনি কোন কথা আল্লাহর অহীর সাথে মিশিয়ে দেবেন না। বরং তিনি এমন পর্যায়ে আমানতদার যে, আল্লাহর পক্ষ থেকে যা কিছু বলা হয় সেগুলো তিনি হুবহু পৌছিয়ে দেন। [মুয়াস্সার, সাদী]

তাফসীরে জাকারিয়া

২১। যে সেখানে মান্যবর এবং বিশ্বাসভাজন। [1]

[1] অর্থাৎ, ফিরিশতাবর্গের মাঝে তাঁর আনুগত্য করা হয়। তিনি হলেন ফিরিশতাবর্গের সর্দার ও মান্যবর। এ ছাড়া অহীর ব্যাপারেও তিনি আমানতদার।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5821>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন